

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অবহেলা অনিশ্চয়তায় ৭ শতাধিক শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অবহেলা ও দায়িত্বহীনতার কারণে কুড়িগ্রাম সরকারী কলেজের ডিগ্রী পাস কোর্সের ৭১৫ জন ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়ের বেঁধে দেয়া ফরম ফিলাপের সময়সীমা শেষ হতে চললেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন কার্ড পাঠায়নি। এ রেজিস্ট্রেশন কার্ড পাঠাতে চলছে গড়িমসি। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা হলে তারা দেই দিচ্ছি করে টালবাহানা করছেন। শুক্রবার বিকালে কুড়িগ্রাম প্রেস ক্লাবে এসে ডুজডোগী শিক্ষার্থীরা এ অভিযোগ করেন। তারা আশ্চিমেটাম দিয়ে বলেন: ১৫ জুনের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় তাদের রেজিস্ট্রেশন কার্ড দিতে ব্যর্থ হলে কলেজ ধর্মঘট, রাস্তা অবরোধসহ লাগাতার কর্মসূচী ঘোষণা করা হবে। কুড়িগ্রাম সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর সাবিহা বাতুন জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১৩-১৪ শিক্ষা বর্ষেও ডিগ্রী (পাস) কোর্সের ৭১৫ শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড পাওয়া যায়নি। এর মধ্যে বিএ তিনশ, বিএসএস ১৭৪, বিএস ২১৭ এবং বিএসসি ২৪ শিক্ষার্থী রয়েছে। এদের জরিমানা ছাড়া ফরম ফিলাপ করা যাবে ১৬ জুন পর্যন্ত। এর পরবর্তী এক সপ্তাহে জরিমানা

ওনতে হবে শিক্ষার্থী প্রতি 'আট শ' টাকা। তার পরে ফরম ফিলাপ করছে জনপ্রতি জরিমানা দিতে হবে ৫ হাজার টাকা। যা শিক্ষার্থীদের জন্য অসম্ভব হয়ে দাঁড়াবে। যথা সময়ে রেজিস্ট্রেশন কার্ড পেতে গত এক মাস ধরে ই-মেইল, ডাক বিভাগ, ফোন এবং সরাসরি প্রতিনিধি পাঠিয়ে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করবার পরও তারা টালবাহানা করছেন। এ অবস্থায় কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের

## ফরম পূরণের সময়সীমা শেষের দিকে, পাচ্ছে না নিবন্ধন কার্ড

রোযানলে পড়েছে। ফলে যে কোন সময় বিচ্ছিন্ন শিক্ষার্থীদের মাধ্যমে আইনশৃঙ্খলার অবনতির আশঙ্কা করা হচ্ছে। তিনি আরও জানান, কলেজের পক্ষ থেকে রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল তথ্য গত ১৮ মে মেইলে পাঠানো হয়। এছাড়া ডাকযোগে এবং প্রতিনিধি পাঠিয়ে হাতে হাতে তথ্য সংবলিত সিডি প্রদান করা হয়। এর পর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৯২৯১০৮৪- ফোনে যোগাযোগ করা হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করে জানান ৫ জুনের মধ্যে নিবন্ধন কার্ড পাওয়া যাবে। কিন্তু তা শুক্রবার পর্যন্ত পাওয়া যায়নি। এ কারণে ফরম পূরণ করা সম্ভব হচ্ছে না।

বিএসএস প্রথম বর্ষের ছাত্র আজহারুল ইসলাম জানান, তিনি ব্যক্তিগতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার আতিকুর রহমান ও সহকারী রেজিস্ট্রার মাহাবুবুর রহমানের সাথে এক সপ্তাহ পূর্বে যোগাযোগ করেন। তারা প্রতিশ্রুতি দেয় ২/৩ দিনের মধ্যে নিবন্ধন কার্ড কলেজে পৌঁছে যাবে। কিন্তু তারা সে কথা রাখেনি। বিএসসি প্রথম বর্ষের শিক্ষার্থী রোমানা বেগম, আতিকুর রহমান, বিএ প্রথম বর্ষের শিক্ষার্থী রফিকুল ইসলাম জানান, ১৬ জুন ফরম পূরণের নির্ধারিত তারিখ শেষ হচ্ছে। এরপর শুরু হবে জরিমানা ৮০০ থেকে ৫ হাজার টাকা। যা অর্থোক্তিক। আমরা চাই দ্রুততম সময়ের মধ্যে আমাদের নিবন্ধন কার্ড দিতে হবে। এছাড়া জরিমানা ছাড়াই ফরম ফিলাপের সুযোগ দিতে হবে। তা না হলে আগামী ১৬ জুন থেকে কলেজ ধর্মঘট, রাস্তা অবরোধসহ কুড়িগ্রাম অচল করে দেয়ার লাগাতার কর্মসূচী দেয়া হবে।